DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 03:25 AM

রাজনীতি

# হাসিনার দেশ ছাড়ার খবর তো অলৌকিক মনে হচ্ছিল: মির্জা ফখরুল

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ০৩ আগস্ট ২০২৬, ০১:৫২ PM



শেখ হাসিনার দেশ ছাড়ার খবর শুনে দারুণ একটা উত্তেজনা তৈরি হয়েছিল বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

এক সাক্ষাৎকারে মির্জা ফখরুল জানান, সেনাসদরে সেনাপ্রধানের কাছ থেকে শেখ হাসিনার দেশ ছাড়ার খবর পান তারা।

সেই খবর শুনে প্রতিক্রিয়া কেমন ছিল? এমন প্রশ্নে মির্জা ফখরুল বলেন, ইউ আন্ডারস্ট্যান্ড, তখন তো দারুণ একটা উত্তেজনা। হাসিনা চলে যাচ্ছে, এটা তো একটা আমাদের কাছে অলৌকিক ঘটনা মনে হচ্ছিল।

তিনি আরও বলেন, যে ১৭টা বছর আমরা এটার জন্য লড়াই করছি। আর এত বড় একটা কঠিন আন্দোলন, এটা রিয়ালি বর্ণনা করা যাবে না তখনকার সেই অভিব্যক্তি।

এরপর সেনাসদর থেকে বঙ্গভবনে যান রাজনৈতিক নেতারা। সেখানে আরও ছিলেন তিন বাহিনীর প্রধান, ডিজিএফআই, এনএসআইয়ের কর্মকর্তারা ছিলেন।

সেখানে প্রথমেই মির্জা ফখরুল জানান, আলোচনার আগে বেগম খালেদা জিয়াকে মুক্ত করতে হবে। তখন সেনাপ্রধান বললেন, হ্যাঁ, এটা অবশ্যই করা উচিত।

মির্জা ফখরুল বলেন, এরপর রাষ্ট্রপতি বললেন, সবাই একমত হলে অবশ্যই হবে। উনি একটারও বিরোধিতা করেননি। তারপর প্রশ্ন উঠলো, অন্তর্বর্তী সরকার কে নেতৃত্ব দেবেন। তখন আলোচনায় ইউনূস সাহেবের (অধ্যাপক মুহাম্মদ ইউনূস) নাম এলো।

ছাত্ররা এই প্রস্তাব দেয় জানিয়ে মন্ত্রী আরও বলেন, কোনো রাজনৈতিক দল থেকে তার (ইউনূস) নাম আসেনি।

---

## এ বিভাগের আরও খবর



**৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেন হাসিনা**
চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, বিগত সরকারের সময় দেশের ৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেওয়া হয়েছিল। স্বৈরাচারী সরকার...




**বিদ্যুৎ ও জ্বালানি সংকট, বিশেষ অধিবেশন চেয়ে রাষ্ট্রপতিকে বিরোধীদলীয় নেতার চিঠি**
দেশে চলমান তীব্র বিদ্যুৎ ও জ্বালানি সংকটসহ সার্বিক আর্থ-সামাজিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি রোধে জাতীয় সংসদের বিশেষ অধিবেশন আহ্বানের অনুরো...



**বিএনপির স্থায়ী কমিটিতে চমক, রিজভী-আমানসহ নতুন দায়িত্বে ৪ নেতা**
দলের সাংগঠনিক গতিশীলতা বাড়াতে বিএনপির জাতীয় স্থায়ী কমিটিতে চার নেতাকে সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) বিএনপির সহ-দফতর সম্পাদ...



**গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর ছিলেন খালেদা জিয়া: মির্জা ফখরুল**

বিএনপির সদ্য সাবেক মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর খালেদা জিয়া। তিনি বাংলাদেশের ভাগ্যের সঙ্গে জড়িয়...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/politics/hasinar-desh-chharar-khbr-to-oloukik-mne-hchchhil-mirja-fkhrul